

ই-মেইল ও রেজিঃ ডাক যোগে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর  
মিরপুর-২, ঢাকা-১২১৬।  
www.dpe.gov.bd

স্মারক নং- ৩৮.০১.০০০০.১১৪.০৫.০০৬.২০১৮- ২২৩২

তারিখঃ ২২ কার্তিক, ১৪২৫।  
১ নভেম্বর, ২০১৮।

বিষয় : দেওয়ানী মামলা নং ১৩২/২০০৪ এর দফাওয়ারী ইংরেজি জবাব ও সংশ্লিষ্ট সকল রেকর্ডপত্র প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঝালকাঠি জেলার, নলছিটি উপজেলার ৬ নং রায়াপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নামকরণ নিয়ে ঝালকাঠি জেলার নলছিটি সহকারী জেলা আদালতে দেওয়ানী মামলা ১৩২/২০০৪ দায়ের করা হয়। উক্ত মামলায় ৩১.০৮.২০১৪ তারিখে বাদীর পক্ষে রায় হওয়ায় সরকারের পক্ষে বিদ্যালয়ের প্রধান শিক্ষক ১৭.১১.২০১৪ তারিখে ঝালকাঠি জেলার বিজ্ঞ যুগ্ম জেলা জজ ১ম আদালতে আপীল ৭৩/২০১৪ দায়ের করলে ১৬.১১.২০১৭ তারিখে আপীল মামলাটি না-মঞ্জুর করা হয়।

২। এমতাবস্থায়, বিদ্যালয়টি নাম পরিবর্তন করার বিষয়ে ঝালকাঠি জেলার নলছিটি সহকারী জেলা আদালতে দেওয়ানী মামলা ১৩২/২০০৪ এবং ঝালকাঠি জেলার বিজ্ঞ যুগ্ম জেলা জজ ১ম আদালতে আপীল ৭৩/২০১৪ মামলার রায়ের কপিসহ সংশ্লিষ্ট যাবতীয় রেকর্ডপত্র পত্র প্রাপ্তির ০৭(সাত) কর্মদিবসের মধ্যে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের আইন কোষে আবশ্যিকভাবে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

এই বিষয়ে দায়িত্ব অবহেলার কারণে সরকার পক্ষ ক্ষতিগ্রস্ত হলে এর যাবতীয় দায়-দায়িত্ব তাঁর উপর বর্তাবে।



(মো: আব্দুল আলীম)  
সহকারী পরিচালক (আইন)

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার,  
ঝালকাঠি।

স্মারক নং- ৩৮.০১.০০০০.১১৪.০৫.০০৬.২০১৮- ২২৩২/২

তারিখঃ ২২ কার্তিক, ১৪২৫।  
১ নভেম্বর, ২০১৮।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

১। উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, বরিশাল বিভাগ, বরিশাল (তাঁকে বিষয়টি নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।

২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)

৩। সংরক্ষণ নথি।



(মো: আব্দুল আলীম)  
সহকারী পরিচালক (আইন)